## নাচোল উপজেলায় সার্বজনীন শারদীয় দূর্গাপূজা/২০২০ শান্তিপূর্ণ পরিবেশে অনুষ্ঠানের লক্ষ্যে আইন-শৃংখলা পরিস্থিতি বিষয়ে প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণীঃ

| | | |
|---|---|---|
| সভাপতি | : | সাবিহা সুলতানা, উপজেলা নির্বাহী অফিসার, নাচোল, চাঁপাইনবাবগঞ্জ। |
| তারিখ ও সময় | : | ১৪.১০.২০২০ খ্রি., সকাল ১০.০০টা। |
| স্থান | : | উপজেলা পরিষদ মিলনায়তন, নাচোল। |

সভায় উপস্থিত সদস্যবৃন্দ : পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য।

সভাপতি উপস্থিত সকলকে আসন্ন শারদীয় দূর্গাপূজা/২০২০ উপলক্ষ্যে আইন-শৃংখলা পরিস্থিতি বিষয়ে প্রস্তুতিমুলক সভায় স্বাগত জানিয়ে আলোচসূচির উপর আলোচনা করেন। সভায় জনাব মোহা: আব্দুল কাদের, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নাচোলসহ অন্যান্য সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন। এবছরে নাচোল উপজেলায় মোট ১২(বার) টি পূজা মন্ডপ রয়েছে। অত:পর সভাপতির অনুরোধক্রমে উপস্থিত সদস্যগণ মতামত উপস্থাপন করেন।

১. জনাব আশীষ কুমার চক্রবর্তী, সভাপতি, নাচোল বাজার দূর্গা মন্দির সভাকে জানান যে, ০৫ দিনব্যাপি পূজা অনুষ্ঠিত হবে। পূজা উপলক্ষ্যে পূজার নীতিমালাসহ দেশের বর্তমান করোনাকালীন পরিস্থিতিতে স্বাস্থ্যবিধির নির্দেশনা টাঙ্গানো থাকবে। প্রতিটি পুজা মন্ডপের সামনে সরকারি নির্দেশনা মোতাবেক সাবান, পানি বা হ্যান্ড স্যানিটাইজার রাখার ব্যবস্থা করা হবে। পূজার নীতিমালা ভঙ্গ না করার জন্য এবং সেখানে নেশা পান করে পূজার এলাকাতে কেউ প্রবেশ না করতে পারে সেজন্য প্রশাসনসহ সকলের সহযোগিতা কামনা করেন। বিশেষ করে অষ্টমী, নবমী এবং দশমীর দিন পূজা অর্চনা করার জন্য ভক্ত/দর্শণার্থীরা ভীড় না জমায় এজন্য এ দিগুলোতে বেশী সতর্ক থাকতে হবে। সকলের সহযোগিতায় শারদীয় দূর্গোৎসব যাতে নির্বিঘ্নে সুন্দর শান্তিপূর্ণ ও আনন্দময় পরিবেশে অনুষ্ঠিত হয় এবং কোথাও কোন অপ্রীতিকর বা অপ্রত্যাশিত ঘটনা না ঘটে সে বিষয়ে উপজেলা প্রশাসন ও পুলিশসহ সকলের সহযোগিতা কামনা করেন। তিনি জানান যে, প্রতিমা বিসর্জনে শোভাযাত্রা আয়োজন না করা এবং পূজা মন্ডপের পাশে উপযুক্ত স্থানে প্রতিমা বির্সজন করতে হবে।

০২. শ্রী সুধেন চন্দ্র বর্মন, সভাপতি, সোনাইচন্ডি দূর্গা মন্দির জানান যে, ০৫দিনের শারদীয় পূজার জন্য নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ যেন থাকে সেজন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে অনুরোধ জানান। পূজা অনুষ্ঠানে নেশা পান করে কোন ব্যক্তিকে প্রবেশ না করার অনুরোধ জানান। শারদীয় দূর্গোৎসব যাতে নির্বিঘ্নে সুন্দর শান্তিপূর্ণ ও আনন্দময় পরিবেশে অনুষ্ঠিত হয় এবং কোথাও কোন অপ্রীতিকর বা অপ্রত্যাশিত ঘটনা না ঘটে সে বিষয়ে উপজেলা প্রশাসন ও পুলিশসহ সকলের সহযোগিতা কামনা করেন। তিনি পূজার প্রতিমা বিসর্জনের জন্য কেন্দ্রীয় সিদ্ধান্তের কথা উল্লেখ করে বলেন যে, ২৬.১০.২০২০ খ্রি. তারিখ বিকাল ০৫.৩০টা মধ্যে প্রতীমা বিসর্জন দিতে হবে।

০৩. জনাব মো: আব্দুল হান্নান, অফিসার ইন-চার্জ (তদন্ত), নাচোল থানা জানান যে, আজকের আলোচনা ও সিদ্ধান্ত সমূহ বাস্তবায়নের জন্য সভাকে অনুরোধ করেন। তিনি আলোচনার মাধ্যমে যেকোন সমস্যার সমাধান করা সম্ভব বলে জানান। তিনি অদ্য হতে পূজার শেষদিন পর্যন্ত স্বেচ্ছাসেবকের মাধ্যমে রাত্রিকালীন পূজা মন্ডপে পাহারারর ব্যবস্থা করার জন্য পূজা মন্ডপের কমিটিকে অনুরোধ করেন। পূজামন্ডপে শান্তি শৃংখলা রক্ষায় প্রয়োজনীয় পুলিশী সহায়তার ব্যবস্থা নিবেন বলে সভাকে অবহিত করেন এবং আইন শৃংখলা রক্ষার্থে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন।

উপরোক্ত আলোচনা এবং আসন্ন দূর্গাপূজা যথাযথ মর্যাদা ও শান্তিপূর্ণভাবে পালনের নিমিত্ত আলোচনা ও নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহিত হয়:

<u>সিদ্ধান্ত সমূহ :</u>

০১. বিজয়াদশমীর দিন অর্থাৎ ২৬.১০.২০২০ তারিখ অবশ্যই বিকাল ০৫.৩০ টার মধ্যে প্রতিমা বিসর্জন সম্পন্ন করার জন্য উপজেলার সকল পূজা মন্ডপের সভাপতি/সম্পাদকদেরকে অনুরোধ করা হলো।

০২. দেশের করোনাকালিন পরিস্থিতে মন্ত্রিপরিষদ বিভাগ, স্বাস্থ্যসেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত সর্বশেষ নির্দেশনা মোতাবেক স্বাস্থ্যবিধি মেনে দূর্গাপুজা উদযাপন করতে হবে।

০৩. উপজেলা প্রশাসন, আইন-শৃংখলা রক্ষকারী বাহিনী, বিদ্যুৎ বিভাগ ও ফায়ার সার্ভিসের সঙ্গে সার্বক্ষণিক যোগযোগ করা এবং সংশ্লিষ্টদের মোবাইল নম্বর মন্দির/মন্ডপ প্রাঙ্গনে দৃশ্যমান স্থানে ঝুলিয়ে রাখার জন্য প্রতিটি মন্দির কমিটির সভাপতি/সম্পাদককে অনুরোধ করা হয়।

০৪. পূজা মন্ডপে শান্তি-শৃঙ্খলা রাক্ষার্থে আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সার্বিক সহয়তার পাশাপাশি মন্দির কমিটি নিজ উদ্যোগে স্বেচ্ছাসেবক নিয়োগ করে তাদের প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করবে এবং সেচ্ছাসেবকের নামের তালিকা উপজেলা নির্বাহী অফিসার ও অফিসার ইন-চার্জ, নাচোল থানায় দাখিল করবেন।

০৫. প্রতিটি পূজা মন্ডপে নারী ও পুরুষের জন্য পৃথক যাতায়াত ব্যবস্থা রাখা, স্যানিটাইজার/সাবান পানি দিয়ে হাত ধৌয়ার ব্যবস্থা রাখা এবং কোন ভাবেই জনসমাগমের কারণে সরকারের স্বাস্থ্য সুরক্ষা বিধি উপেক্ষিত না হয় সেবিষয়ে সতর্ক দৃষ্টি রাখা।

০৬. দর্শনার্থী, ভক্ত ও পুরোহিতসহ সকল বাধ্যতামূলক মাস্ক পরিধান করা এবং শারিরীক দূরত্ব বজায় রাখা এবং মন্দিরে প্রয়োজনাতিরিক্ত দীর্ঘসময় অবস্থান না করা।

০৭. কোভিড-১৯-পরিস্থিতির কারণে অন্যান্য উৎসব সীমিত পরিসরে আয়োজন করা এবং সকল প্রকার মেলা আয়োজন করা থেকে বিরত থাকা।

০৮. প্রতিটি পূজা মন্ডপের আশে-পাশে যাতে মাদক সেবন, জুয়া, হাউজি খেলা ও পুতুল নাচ সংঘটিত না হয় সেবিষয়ে সতর্ক থাকার জন্য পূজা মন্ডপের কর্তৃপক্ষ ও অফিসার ইনচার্জ, নাচোল থানাকে অনুরোধ করা হলো।

০৯. প্রতিটি পূজামন্ডপে গ্রামপুলিশ/দফাদারের মাধ্যমে সার্বক্ষনিক পাহারার ব্যবস্থা গ্রহণ করার জন্য সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানদের অনুরোধ করা হলো।

১০. নাচোল উপজেলার প্রতিটি পূজামন্ডপে আইন-শৃংখলা রক্ষাসহ নিরাপত্তা জোরদার করণে ভ্রাম্যমান পুলিশদল নিয়োগের ব্যবস্থা গ্রহণের জন্য অফিসার ইনচার্জ, নাচোল থানাকে অনুরোধ করা হলো।

১১. ইউপি চেয়ারম্যানগণ/ইউপি সদস্য সংশ্লিষ্ট এলাকার মসজিদের ইমাম/সভাপতি, নেতৃবৃন্দ ও পূজা কমিটির সভাপতি/ সম্পাদকদের সমন্বয়ে সভা করে সকল পূজামন্ডপে আইন-শৃংখলা রক্ষার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রতিটি মন্দিরের সভাপতি/সম্পাদকে অনুরোধ করা হলো।

১২. <u>আগামী ২২.১০.২০২০ হতে ২৬.১০.২০২০ তারিখ বিকাল ০৭.৩০ টা পর্যন্ত উপজেলা পর্যায়ে পূজা নিয়ন্ত্রণ কক্ষ খোলা থাকবে। নিয়ন্ত্রণ কক্ষের টেলিফোন নং ০৭৮২৪-৫৬০০১। তাছাড়াও কোথাও কোন অপ্রীতিকর ঘটনা ঘটলে তাৎক্ষণিকভাবে উপজেলা নির্বাহী অফিসার, অফিসার ইনচার্জ, নাচোল থানাকে (টেলিফোন নং-০৭৮২৪-৫৬০০১ ও ৫৬০০৩ এবং মোবাইল নং-০১৩১৮৩২০১৫৩ ও ০১৭১৩-৩৭৩৮২০) কে অবহিত করবেন। এছাড়াও উপজেলা আনসার ও ভিডিপি অফিসার, নাচোল ০৭৮২৪-৫৬০৬৯, চেয়ারম্যান, কসবা-০১৭৬৭-৪০১৯৭১, ফতেপুর-০১৭১৬-৫৪৫৮৪৭ নাচোল-০১৩০৪৫২৫২১১, নেজামপুর-০১৭১২-০৬৭১২৫ নম্বরের সাথে যোগাযোগ করতে অনুরোধ করা হলো।</u>

১৩. আজান ও নামাজের সময় ঢোল ও মাইক বাজানো বন্ধ রাখার জন্য সকল পূজামন্ডপ কমিটির সভাপতি/সম্পাদকদের অনুরোধ জানানো হয় যাতে মুসলমান ও হিন্দু ধর্মের অনুসারীদের মধ্যে সম্প্রীতি ও সহনশীলতা বজায় থাকে।

১৪. পূজা চলাকালে পূজামন্ডপে নিরবিছিন্ন বিদ্যুৎ সরবরাহ রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্বাহী প্রকৌশলী, নেসকো লি., রহনপুর, গোমস্তাপুর এবং সহ. জেনারেল ম্যানেজার, নাচোল পল্লী বিদ্যুৎ সমিতি, চাঁপাইনবাবগঞ্জকে অনুরোধ করা হলো।

১৪. পূজামন্ডপ পরিচালনা কমিটি স্ব-স্ব পূজামন্ডপের জন্য একটি রেজিষ্টারভূক্ত সেচ্ছাসেবক টিম গঠন করবেন এবং তাদের প্রত্যেককে চিনতে পারা যায় এমন পরিচয়পত্র ব্যবহার করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো

১৫. প্রতিটি পূজা মন্ডপে বিজয়াদশীতে প্রতিমা বিসর্জনকালে শোভাযাত্রার আয়োজন না করা, অধিক সংখ্যক জনসমাগম না করা, স্থানীয়ভাবে পূজা মন্ডপের পার্শ্বে উপযুক্ত স্থানে প্রতিমা বিসর্জনের আয়োজন করা এবং বিসর্জন স্থলে পর্যাপ্ত আলোর(জেনারেটর/হ্যাচাকলাইটস) ব্যবস্থা করার পূজা মন্ডপের সভাপতি/সম্পাদকদেরকে অনুরোধ করা হলো।

১৬. পূজা চলাকালীন সময়ে নাচোল উপজেলার পূজা মন্ডপগুলোতে নিম্নোক্ত কর্মকর্তাদের তাঁদের নামের পার্শ্বে বর্ণিত পূজা মন্ডপগুলোতে সার্বিক নিরাপত্তা এবং অন্যান্য বিষয় নিরুপনের জন্য দায়িত্ব প্রদান করা হলো।

| ক্রঃ নং | পূজামন্ডপের নাম | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ | মোবাইল নম্বর |
|---|---|---|---|
| ০১ | নাচোল বাজার দূর্গা মন্দির | মো: দুললা উদ্দীন খান, সহ. উপজেলা মাধ্য. শিক্ষা অফিসার, নাচোল | ০১৭১১০২৪২৭০ |
| ০২ | রাজবাড়ী দূর্গা মন্দির | মো: সোহেল রানা, সহকারী প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর, নাচোল | ০১৭১৭৩০৫২৩২ |
| ০৩ | আমজোয়ান দূর্গা মন্দির | মো: আতিকুর রহমান, প্রোগ্রাম অফিসার, উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, নাচোল | ০১৭২২০২৫৭৭১ |
| ০৪ | হাটবাকইল দূর্গা মন্দির | জনাব মোঃ ইউসুফ আলী, উপসহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), নাচোল | ০১৭৪৯৯০৮৭৩৬ |
| ০৫ | খিকটা দূর্গা মন্দির | মো: গোলাম মর্তুজা, উপ-সহকারী কৃষি কর্মকর্তা, নেজামপুর ব্লক | ০১৭১৫২৭১৪২৫ |
| ০৬ | জাহেদপুর ঘোষপাড়া দূর্গা মন্দির | মো: আলী হোসেন শামীম, সি. উপজেলা মৎস্য কর্মকর্তা, নাচোল | ০১৭১৬১২৩২৯১ |
| ০৭ | সোনাইচন্ডী দূর্গা মন্দির | মো: হারুন অর রশিদ, উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, নাচোল | ০১৭৩৭৩২৮৬৬০ |
| ০৮ | মল্লিকপুর দূর্গা মন্দির | মো: হাবিবুর রহমান, সমন্বয়কারী, আমার বাড়ি আমার খামার, নাচোল | ০১৭২২৮৮৩৭৩৪ |
| ০৯ | শিংরইল দূর্গা মন্দির | মো: ওয়ালি উল্ল্যাহ, একাডেমিক সুপারভাইজার, মাধ্য. শিক্ষা অফিস | ০১৭১৭২৮৫৮৬২ |
| ১০ | বরেন্দা দূর্গা মন্দির | মো: আল গালিব, উপজেলা সমাজসেবা কর্মকর্তা, নাচোল | ০১৭০৯৬৯৫৯৬৮ |
| ১১ | খিটকা বাজার দূর্গা মন্দির | মো: আশরাফুল করিম, ইন্সট্যাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার, নাচোল | ০১৭১৩৭৪৮৫৮৭ |
| ১২ | দিয়াড়া সাধনা দূর্গা মন্দির | মো: মোস্তাফিজুর রহমান, উপ-সহকারী প্রকৌশলী (এলজিইডি), নাচোল | ০১৭১৬৫০৯৪৯৮ |

১৭. সকলের অবগতির জন্য নাচোল উপজেলায় অনুষ্ঠিতব্য দূর্গাপূজা মন্ডপের সভাপতি/সম্পাদকের মোবাইল নম্বর নিম্নরূপঃ

| ক্র. নং. | দূর্গা মন্দির | নাম ও পদবি |
|---|---|---|
| | নাচোল বাজার দূর্গা মন্দির | শ্রী আশিস কুমার চক্রবর্তী, সভাপতি- ০১৭১৮-৬২৫৫৮৩ |
| | রাজবাড়ী দূর্গা মন্দির | সভাপতি- শ্রী ছবিলাল বর্মন, ০১৭২০-২৯২৬৫৪ |
| | আমজোয়ান দূর্গা মন্দির | সভাপতি- শ্রী বলরাম, ০১৭৫১৬৩৬৫৩৬ |
| | সোনাইচন্ডী দূর্গা মন্দির | সভাপতি- শ্রী সুধেন চন্দ্র বর্মন ০১৭১৪৯৩০৬৪৮ |
| | মল্লিকপুর দূর্গা মন্দির | সভাপতি- শ্রী বিষ্ণু ঘোষ ০১৭১৮৭৫৭৪৯০ |
| | শিংরইল দূর্গা মন্দির | সভাপতি- শ্রী কিশোরি মাহাতো ০১৭৩৭৬৮২১৭৮ |
| | হাটবাকইল দূর্গা মন্দির | সভাপতি- শ্রী গোবিন্দ বর্মন ০১৭১৪-৪৭৪৮৭০ |
| | বরেন্দা দূর্গা মন্দির | সভাপতি- টুনু পাহান ০১৭৮৩৮৩৫৮৮৭ |
| | খিটকা দূর্গা মন্দির | সভাপতি- শ্রী রঞ্জিত বনিক ০১৭৪৬৭৩৭১১৪ |
| | খিকটা পুরাতন দূর্গা মন্দির | সভাপতি- স্বপন প্রামানিক ০১৭৪৬৮৫০৬৮৩ |
| | জাহেদপুর ঘোষপাড়া দূর্গা মন্দির | সভাপতি- শ্রী জিতু ঘোষ ০১৭৪৫৩১৭২৬২ |
| | দিয়াড়া সাধনা দূর্গা মন্দির | সভাপতি- শ্রী রনজিত বর্মন ০১৭৪৯০২১৬৫৫ |
| | সভাপতি, নাচোল উপজেলা পূজা উদযাপন কমিটি | গোবিন্দ চন্দ্র বর্মন ০১৭১৪৪৭৪৮৭০ |
| | সম্পাদক, নাচোল উপজেলা পূজা উদযাপন কমিটি | স্বপন সাহা ০১৭২৮৭১৭৫৪৭ |

১৭. শান্তিপূর্ণভাবে দূর্গাপূজা অনুষ্ঠানের লক্ষ্যে উপস্থিত সকলের মতামতের ভিত্তিতে নিম্নরূপ উপজেলা দূর্গাপূজা উদযাপন পরিষদ কমিটি গঠনের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়।

| | | |
|---|---|---|
| ০১। | শ্রী গোবিন্দ চন্দ্র বর্মন, সভাপতি, নাচোল বাজার দূর্গা মন্দির - | সভাপতি |
| ০২। | শ্রী আশীষ কুমার চক্রবর্তী, সভাপতি, নাচোল বাজার দূর্গা মন্দির - | সহ:সভাপতি |
| ০৩। | শ্রী সুধেন চন্দ্র বর্মন, সভাপতি, সোইনাইচন্ডি দূর্গা মন্দির | সহ:সভাপতি |
| ০৪। | শ্রী স্বপন কুমার, সম্পাদক, নাচোল উপজেলা পূজা উদযাপন পরিষদ। | সম্পাদক |
| ০৫। | শ্রী সুফল চন্দ্র বর্মন,সহকারী শিক্ষক(অব.),নাচোল খোরশেদ মোল্লা বালিকা উচ্চ বিদ্যালয়, নাচোল | সহ: সম্পাদক |
| ০৬। | শ্রী ছবিলাল বর্মন, সভাপতি, রাজবাড়ী পূজা মন্দির | সদস্য |
| ০৭। | শ্রী বলরাম মাহালী, সভাপতি, আমজোয়ান দূর্গা মন্দির | সদস্য |
| ০৮। | শ্রী জিতু ঘোষ, সভাপতি, জাহিদপুর দূর্গা মন্দির | সদস্য |
| ০৯। | রঞ্জনা রানী বর্মন, সভাপতি, বাংলাদেশ মহিলা আওয়ামীলীগ, নাচোল উপজেলা শাখা। | সদস্য |
| ১০। | শ্রী বিষ্ণ ঘোস,সভাপতি, মল্লিকপুর দূর্গা মন্দির | সদস্য |
| ১১। | শ্রী টুনু পাহান, সভাপতি, বরেন্দ্র দূর্গা মন্দির | সদস্য |
| ১২। | শ্রী কিশোরি মাহাতো, সভাপতি, সিংরইল দূর্গা মন্দির | সদস্য |
| ১৩। | শ্রী রঞ্জিত বণিক, সভাপতি, খিটকা বাজার দূর্গা মন্দির | সদস্য |
| ১৪। | শ্রী স্বপন সাহা, খিটকা পুরাতন দূর্গা মন্দির | সদস্য |
| ১৫। | শ্রী রঞ্জিত বর্মন, সভাপতি, দিয়াড়া সাধনা দূর্গা মন্দির | সদস্য |

অতঃপর আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

(সাবিহা সুলতানা)
উপজেলা নির্বাহী অফিসার
নাচোল, চাঁপাইনবাবগঞ্জ।
ফোন: ০৭৮২৪-৫৬০০১
মোবাইল : ০১৩১৮৩২০১৫৩
Email : unonachole@mopa.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
নাচোল, চাঁপাইনবাবগঞ্জ।
nachol.chapainawabganj.gov.bd

স্মারক নং-০৫.৪৩.৭০৫৬.০০০.১৩.২৭৯.১৯.৯৪১/১(৬৫) তারিখঃ ১৫.১০.২০২০ খ্রি.

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নহে) :

০১. মাননীয় জাতীয় সংসদ সদস্য ৪৪ চাঁপাইনবাবগঞ্জ -২
০২. জেলা প্রশাসক, চাঁপাইনবাবগঞ্জ।
০৩. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নাচোল, চাঁপাইনবাবগঞ্জ।
০৪. সহকারী কমিশনার (ভূমি), নাচোল, চাঁপাইনবাবগঞ্জ।
০৫. ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নাচোল, চাঁপাইনবাবগঞ্জ।
০৬. মেয়র, নাচোল পৌরসভা, চাঁপাইনবাবগঞ্জ।
০৭. নির্বাহী প্রকৌশলী, নেসকো লি., গোমস্তাপুর, চাঁপাইনবাবগঞ্জ। পূজা চলাকালে পূজামন্ডপে নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
০৮. সহ. জেনারেল ম্যানেজার, নাচোল পল্লী বিদ্যুৎ সমিতি, চাঁপাইনবাবগঞ্জ। পূজা চলাকালে পূজামন্ডপে নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
০৯. উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, নাচোল। প্রতিটি পূজামন্ডপে চিকিৎসা সুবিধা দেয়ার জন্য মেডিকেল টিম প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
১০. অফিসার ইনচার্জ,নাচোল থানা। প্রতিটি পূজামন্ডপে আইনশৃংখলা রক্ষাসহ সার্বিক নিরাপত্তা জোরদার করণের জন্য প্রয়োজনীয় সংখ্যক ভ্রাম্যমান পুলিশদল নিয়োগের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

১১. উপজেলা........................................................................................................অফিসার,নাচোল।
১২. চেয়ারম্যান, কসবা/ফতেপুর/নাচোল/নেজামপুর, ইউনিয়ন পরিষদ।
১৩. সচিব, কসবা/ফতেপুর/নাচোল/নেজামপুর ইউনিয়ন পরিষদ।
১৪. সভাপতি/সম্পাদক, নাচোল বাজার/মল্লিকপুর/শিংরইল/সোনাইচন্ডী/রাজবাড়ী/আমজোয়ান/হাটবাকইল/খিকটা-০১/০২/জাহেদপুর ঘোষপাড়া/বরেন্দা/দিয়াড়া সাধনা, দূর্গা মন্ডপ, নাচোল।

১৫. জনাব.......................................................................................................................

উপজেলা নির্বাহী অফিসার
নাচোল, চাঁপাইনবাবগঞ্জ।

F:\নাচোল উপজেলা\P-পূজা\2020\rejulation.doc